

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩২, বিচারপতি এস.এম মোর্শেদ সরগি
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ সুজায়েত উল্যা
পরিচালক(যুগ্মসচিব)
সভার তারিখ : ৩১/০৮/২০২০
সভার সময় : বেলা ১২.০০ ঘটিকা
স্থান : সভা কক্ষ
উপস্থিতি :

১. জনাব মোঃ হারিছ সরকার, প্রোগ্রামার, সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি।
২. জনাব মোঃ ইলিয়াছ মিয়া, গবেষণা কর্মকর্তা, সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি।
৩. জনাব মোঃ আলী আকবর, সহকারী পরিচালক, সদস্য সচিব, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি।

আলোচনা :

কমিটির সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন যে, করোনা ভাইরাস জনিত মহামারীর কারণে স্বাস্থ্যবিধি মেনে আমাদেরকে কর্মকান্ড চালিয়ে যেতে হবে। সদস্যসচিব সভাকে জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ নির্ধারিত ছকে প্রণয়ন করে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। মন্ত্রণালয় কিছু সংশোধনীসহ পুনরায় প্রেরণ করার অনুরোধ জানায়। সংশোধনীসহ কর্মপরিকল্পনা যথাসময়ে প্রেরণ করা হয়েছে।


সভাকে আরো জানানো হয় যে, দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহী নিশ্চিত করণের লক্ষ্যে শুদ্ধাচার / উত্তম চর্চার বিষয়ে অংশীজনের সঙ্গে মতবিনিময় সভা করার নির্দেশনা রয়েছে। সভাপতি বলেন যে, করোনা ভাইরাসজনিত মহামারীর কারণে সভাকক্ষে উপস্থিত হয়ে অংশীজনের সভা করা সম্ভব নয়। তিনি বলেন পরিস্থিতি স্বাভাবিক হলে দ্বিতীয় কোয়ার্টারে অংশীজনের সভা করা হবে। তিনি আগামী সেপ্টেম্বর মাসে জুম অ্যাপসের মাধ্যমে অনলাইনে অংশীজনের সভা করার নির্দেশনা দেন।

সময়মত ও যথাযথভাবে রিপোর্ট পেশ এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ নির্ধারিত ছকে প্রণয়ন করে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে পারায় সভাপতি সকলকে ধন্যবাদ জানান। আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

সিদ্ধান্ত :

- ১। করোনা ভাইরাসজনিত মহামারীর কারণে সভাকক্ষে উপস্থিত হয়ে অংশীজনের সভা করা সম্ভব নয়। তবে পরিস্থিতি স্বাভাবিক হলে দ্বিতীয় কোয়ার্টারে অংশীজনের সভা করা হবে।
- ২। সেপ্টেম্বর মাসে জুম অ্যাপসের মাধ্যমে অনলাইনে শুদ্ধাচার / উত্তম চর্চার বিষয়ে অংশীজনের সভা করা হবে।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।



(মোঃ সুজায়েত উল্যা)
পরিচালক(যুগ্মসচিব)

ও

সভাপতি,

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি

স্মারক নং : ৪৩.২৫.০০০০.০০৩.০৬.০২৮.১৩.(অংশ-২)

তারিখ : ৩১/০৮/২০২০ খ্রিস্টাব্দ

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১. প্রোগ্রামার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা , জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
২. চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক, সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি
৩. গবেষণা কর্মকর্তা,সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৫. পরিচালক মহোদয়ের একান্ত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৬. সংশ্লিষ্ট নথি।